# Times Today BD

ডেস্ক রিপোর্ট | ঢাকা | 08 April, 2025

নারায়ণগঞ্জ কেন্দ্রীয় কারাগারের সামনের পুকুর থেকে অজ্ঞাত এক কিশোরের (১৪) লাশ উদ্ধার করেছে ফতুল্লা থানা পুলিশ।মঙ্গলবার (৮ এপ্রিল) বেলা সাড়ে ১২ টায় এ মরদেহ উদ্ধার করা হয়।বিষয়টি নিশ্চিত করেছেন ফতুল্লা মডেল থানার উপপরিদর্শক ওয়াসিম খাঁন।

প্রত্যক্ষদর্শীরা জানায়, বেলা ১১ টায় জেলা কারাগারের সামনের পুকুরে একটি লাশ ভাসতে দেখেন স্থানীয়রা। এরপর তারা ৯৯৯ এ কল দিলে ঘটনাস্থলে পুলিশ এসে মরদেহটি উদ্ধার করে।মরাদেহটি নারায়ণগঞ্জ জেনারেল (ভিক্টোরিয়া) হাসপাতালে মর্গে ময়না তদন্তের জন্য প্রেরণ করা হয়।

এ বিষয়ে উপপরিদর্শক ওয়াসিম খাঁন বলেন, ‘নিহতের বয়স আনুমানিক ১৪ থেকে ১৫ বছর হবে।কিশোরের পড়নে ছিলো শুধুমাত্র একটি সাদা পায়জামা।তার মুখের একপাশে আঘাতের চিহ্ন রয়েছে।ধারনা করা হচ্ছে পানিতে ডুবে কিশোরের মৃত্যু হয়েছে।আমরা লাশ ময়নাতদন্ত্রের জন্য নারায়ণগঞ্জ ভিক্টোরিয়া জেনারেল হাসপাতালে প্রেরন করেছি।ময়নাতদন্তের পরে মৃত্যুর আসল কারন নিশ্চিত হওয়া যাবে। কিশোরের এখন পর্যন্ত (এ রির্পোট লেখা পর্যন্ত) কোন পরিচয় পাওয়া যায়নি।আশেপাশের লোকজনকে জিজ্ঞেস করলেও তারা শনাক্ত করতে পারেনি।আমাদের ধারনা ছেলেটি মাদ্রাসা শিক্ষার্থী হতে পারে।আশেপাশের থানায় সংবাদ পাঠানো হচ্ছে।

কেন্দ্রীয় কারাগার লাশ উদ্ধার অজ্ঞাত

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 12 June, 2025 03:43

URL: https://timestodaybd.com/public/dhaka/775807505